

# এসোনা বৃষ্টিতে ভিজি

আহমেদ সাবের

এসোনা বৃষ্টিতে ভিজি, জলে ভেজা পাখীদের মতো ।  
অথবা মরালগ্রীবা শাপলার মত, শ্রাবন বাতাসে দুলি কাঁচরঙ্গা ঝিলে -  
যেখানে কাজল কালো আকাশের রং, সবুজ সবুজে মিশে,  
বর্ষার বৃষ্টিতে ধুয়ে নীলে নীল হয় ।

অথবা এসোনা খেলি লুকোচুরি খেলা, ভোরের কদমে ।  
যদিবা হলুদ হলে, আমি নিয়ে শঙ্খের রং,  
মিলে মিশে গলে যাব কদম পরাগে,  
যেমন রঙ্গেরা মিশে একে একে, আকাশের বিশাল ধনুকে ।

এসোনা বৃষ্টিতে ভিজি, ধানক্ষেতে শুয়ে থাকা নদীদের মত,  
অথবা নদীর বুকে পাল তোলা নৌকাদের মতো,  
চলো যাই, মিশে যাই, স্রোত হয়ে নদীর জোয়ারে,  
কিংবা নোয়াই মাথা ফুল হয়ে, নীল জল ভারে ।

তুমি যদি পাশে থাকো, আমার গন্তব্য বলে কিছু নেই;  
আমিও সাহসী হয়ে, দূরদেশী পাখীদের মতো,  
নিরুদ্দেশ হতে পারি, ছাইরঙ্গা আকাশের বুকে,  
অথবা মিলতে পারি, বিন্দু হয়ে নিসর্গ গভীরে ।